



# বাংলাদেশ কমিউনিটি কাউন্সিল ইনক এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

## ১৫ সদস্যের কমিটি গঠন

গত ৫ ডিসেম্বর রোববার বাংলাদেশ কমিউনিটি কাউন্সিল এর বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সিডনীর লাকাম্বাস্থ বনফুল রেস্তুরেন্টে ঐদিন সন্ধ্যার পর সংগঠনের সাধারণ সদস্যদের উপস্থিতিতে ভোট গ্রহণের মাধ্যমে ১৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। এ কমিটি ১০/১১ অর্থ বছরের জন্য নির্বাচিত হলো। অনুষ্ঠানে সভাপতি ছিলেন, এম শাহআলম। নির্বাচন কার্যক্রম পরিচালনা করেন, হারুন রশিদ আজাদ। সংগঠনের বার্ষিক এ সভায় এম শাহআলম সভাপতি ও রাশেদুল হক সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন। সিনিয়র সহ সভাপতি হিসেবে নির্বাচিত হন জামিল হোসেন ও প্রকৌশলী সোহেল ইকবাল। সহ সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন ইলিয়াস কাঞ্চন শাহীন। সাংস্কৃতিক সম্পাদক, প্রকাশনা সম্পাদক ও ক্রীড়া সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন, যথাক্রমে আশরাফুল আলম রনি, মেহেদি হাসান এপোলো ও ইয়াসিন আরাফাত আপু এবং সহ প্রকাশনা সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন নূর হোসেন।

কার্যকরি সদস্য হিসেবে নির্বাচিত হলেন, মাসুদ চৌধুরী, আজগরুজ্জামান, জয় আহমেদ, মশিউর রহমান খুশবু, হারুনুর রশিদ ও কামরুল আলম।